

# শিক্ষার্থীদের ভুল পথে নেওয়া হচ্ছে

আসাদুজ্জামান খাঁন কামাল, স্বরাষ্ট্রমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

১৫ জুলাই ২০২৪, ১২:০০ এএম



সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ‘ভুল পথে নেওয়া হচ্ছে’ বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল রবিবার দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ‘মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৪’

উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, আন্দোলনরত শিক্ষার্থীদের কারা উসকানি দিয়েছেন, কারা দায়ী। সবগুলো বিষয় তদন্তের পর বলা যাবে। এরপর পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করব। তদন্তের আগে কিছু বলতে পারছি না।

আন্দোলনরত শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়ের হওয়া মামলা তুলে নেওয়ার জন্য ২৪ ঘণ্টার সময় বেঁধে দেওয়ার প্রসঙ্গে আসাদুজ্জামান খাঁন বলেন, সংক্ষুব্ধ হলে যে কেউ মামলা করতে পারেন। তদন্তের পর যদি এটার মেরিট না থাকে তাহলে অটোমেটিক বাতিল হয়ে যাবে। আর মালার মেরিট থাকলে বিচার শুরু হবে।

চলমান আন্দোলনের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শিক্ষার্থীরা যা করছে, না বুকেই করছে। আদালত বলেছেন, এ বিষয়ে আগামী ৮ আগস্ট শুনানি হবে। আদালত শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে বলেছেন। কিন্তু শিক্ষার্থীরা রাস্তা অবরোধ করছে।

মাদকের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জেলখানায় থাকা আসামিদের বড় একটি অংশ মাদকে আসক্ত। মাদকাসক্তি সারাবিশ্বে হুমকি হয়ে দাঁড়িয়েছে। দেশে জনসচেতনতা বাড়ানো হচ্ছে। আমরা মাদক উৎপাদন করি না। কিন্তু ভৌগোলিক কারণে এর প্রভাব ফেস করছি। মাদকাসক্তি নিয়ে যদি কাজ না করি তাহলে এর ব্যাপ্তি আরও ছড়াবে।